

# ১০০ দিনের কাজে সাফল্যের জন্য ৩ জেলা, ১০টি ব্লককে আজ পুরস্কৃত করবেন মমতা

অরুণ ভট্টাচার্য • চাঁচড়া

বিএনএ: গত আর্থিক বছরে একশো দিনের কাজের প্রকল্পে ভালো কাজের জন্য তিনটি জেলা, ১০টি ব্লক ও একটি গ্রাম পঞ্চায়েতকে পুরস্কৃত করবে রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর। আজ, বৃহস্পতিবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের অনুষ্ঠান মঞ্চ থেকে এই পুরস্কার তুলে দেবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। পুরস্কার হিসাবে জেলাগুলিকে ১৫ লক্ষ টাকা, ব্লকগুলিকে ১০ লক্ষ টাকা ও পঞ্চায়েতগুলিকে ২ লক্ষ টাকা করে দেবে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর। এজন্য জেলাশাসক, সভাপতি, একশো দিনের কাজের প্রকল্প আধিকারিক, ব্লকগুলির ক্ষেত্রে বিডিও এবং একশো দিনের কাজের দায়িত্বে থাকা অফিসার এবং পঞ্চায়েত প্রধানকে হাজির হতে বলা হয়েছে। নদীয়ার জেলাশাসক সুমিত গুপ্তা বলেন, ভেটিভার ঘাস লাগানোসহ

একশো দিনের কাজের প্রকল্পগুলিতে ভালো কাজের জন্য গ্রামোন্নয়ন দপ্তর আমাদের জেলা এবং চাকদহ ব্লককে পুরস্কার দেবে বলে ঘোষণা করেছে। বিভাগের সকলের প্রচেষ্টায় আমরা এই সাফল্য পেয়েছি। নদী ভাঙন ক্রমশে আমাদের জেলায় ৭৪৩ কিমি জায়গায় ভেটিভার ঘাগানের পরিকল্পনা রয়েছে। হুগলির জেলাশাসক সঞ্জয় বনশল বলেন, একশো দিনের কাজে প্রশাসনিক ব্যবস্থাপনা, আধার সংযুক্তিকরণ, জব কার্ড ডেরিক্রিকেশন, জিইও ট্যাগিংয়ের কাজ শেষ করা সহ প্রশাসনিক কাজে ভালো কাজ করার জন্য রাজ্য সরকার আমাদের পুরস্কারের জন্য মনোনীত করায় আমরা গর্বিত। জেলার নোডাল অফিসার কমলেশ মণ্ডল এবং ওই



দপ্তরের দায়িত্বে থাকা কর্মী এবং পঞ্চায়েত স্তর পর্যন্ত এই প্রকল্প বাস্তবায়িত করতে সাহায্য করেছেন। তাদের মিলিত প্রচেষ্টাই আমাদের এই সাফল্য এনে দিয়েছে। আগামী দিনে ওই প্রকল্পের দায়িত্বে থাকা কর্মীদের আরও ভালো কাজ করতে উৎসাহিত করবে এই পুরস্কার। রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকে জেলাগুলিতে পাঠানো নির্দেশিকা অনুযায়ী ২০১৫-১৬ আর্থিক বছরে ডেটা সহ সমস্ত বিভাগে ভালো কাজের জন্য কোচবিহার, এমআইএস এবং অ্যানালাইজড জিও ট্যাগিং, রেকর্ড কিপিং, কাজ শেষ করা এবং আধার সংযুক্তিকরণে ভালো কাজের জন্য হুগলি জেলা এবং বৃহস্পতিবার ও

ভেটিভার ঘাস লাগানোর মাধ্যমে সবুজায়নের কাজের জন্য নদীয়া জেলাকে পুরস্কৃত করা হবে। এছাড়াও ব্লকভিত্তিক কাজে দক্ষতার জন্য বাঁকুড়ার ওন্দা ও বাঁকুড়া-১ ব্লক, নদীয়ার চাকদহ ব্লক, বর্ধমানের দুর্গাপুর-ফরিদপুর ব্লক ও অণ্ডাল ব্লক, বীরভূমের রাজনগর ব্লক, পশ্চিম মেদিনীপুরের গোপীবল্লভপুর-১ ব্লক, জলপাইগুড়ির রাজগঞ্জ ব্লক, দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা ব্লক ও কোচবিহারের তুফানগঞ্জ-২ ব্লককে নির্বাচিত করেছে রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর। এছাড়াও পশ্চিম মেদিনীপুরের পিংলা ব্লকের জলচক-১ গ্রাম পঞ্চায়েতকে পঞ্চায়েত স্তরে ভালো কাজের জন্য পুরস্কৃত করবে রাজ্য সরকার। প্রতিটি পুরস্কারপ্রাপক জেলাশাসক ও বিডিওদের আজ নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে পুরস্কার নেওয়ার জন্য উপস্থিত থাকতে নির্দেশ দিয়েছে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর।

স্বাক্ষর-৩

বর্তমান ও স্বাক্ষরিত ২০২৭

